

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ৯, ২০১৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৯ অক্টোবর, ২০১৩/২৪ আশ্বিন, ১৪২০

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৯ অক্টোবর, ২০১৩ (২৪ আশ্বিন, ১৪২০) তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে ঃ—

২০১৩ সনের ৪১ নং আইন

ভোটার তালিকা আইন, ২০০৯ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন ভোটার তালিকা (দ্বিতীয় সংশোধন) আইন, ২০১৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০০৯ সনের ৬নং আইনের ধারা ৩ এর সংশোধন।—ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর দফা (চ) এর পরিবর্তে নিম্নরূপ দফা (চ) প্রতিস্থাপিত হইবে, যথা :—

“(চ) “ভোটার এলাকা” অর্থ পল্লী এলাকার ক্ষেত্রে এক বা একাধিক গ্রাম বা গ্রামের অংশ বিশেষ এবং শহর এলাকার ক্ষেত্রে এক বা একাধিক মহল্লা বা রাস্তা অথবা মহল্লা বা রাস্তার অংশ বিশেষ;”।

(৮৮১৩)

মূল্য ঃ টাকা ৪.০০

৩। ২০০৯ সনের ৬নং আইনের ধারা ৭ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৭ এর উপ-ধারা (১) এর—

- (ক) দফা (গ) এর প্রাস্তস্থিত “এবং” শব্দ বিলুপ্ত হইবে;
- (খ) দফা (ঘ) এর প্রাস্তস্থিত দাঁড়ির পরিবর্তে সেমিকোলন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (ঙ) ও (চ) সংযোজিত হইবে, যথা :—
- “(ঙ) Bangladesh Collaborators (Special Tribunals) Order, 1972 (P.O. No. 8 of 1972) এর অধীন কোন অপরাধে দণ্ডিত না হইয়া থাকেন; এবং
- (চ) International Crimes (Tribunals) Act, 1973 (Act No. XIX of 1973) এর অধীন কোন অপরাধে দণ্ডিত না হইয়া থাকেন।”।

৪। ২০০৯ সনের ৬নং আইনের ধারা ১৩ এর প্রতিস্থাপন।—উক্ত আইনের ধারা ১৩ এর পরিবর্তে নিম্নরূপ ধারা ১৩ প্রতিস্থাপিত হইবে, যথা :—

- “১৩। ভোটার তালিকা হইতে নাম কর্তন।—নিম্নবর্ণিত যে কোন কারণে ভোটার তালিকাভুক্ত কোন ব্যক্তির নাম ভোটার তালিকা হইতে কর্তন করিতে হইবে, যথা :—
- (ক) বাংলাদেশের নাগরিক না থাকিলে;
- (খ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হইলে;
- (গ) Bangladesh Collaborators (Special Tribunals) Order, 1972 (P.O. No. 8 of 1972) এর অধীন কোন অপরাধে দণ্ডিত হইলে; অথবা
- (ঘ) International Crimes (Tribunals) Act, 1973 (Act No. XIX of 1973) এর অধীন কোন অপরাধে দণ্ডিত হইলে।”।

প্রণব চক্রবর্তী
অতিরিক্ত সচিব।